Department of Education
Chancellor Richard A. Carranza

18 নভেম্বর, 2020

প্রিয় পরিবারবর্গ,

আমি আশা করছি যে আপনি এবং আপনার প্রিয়জন নিরাপদ ও সুস্থ আছেন।

এই বছর শিক্ষার্থী ও শিক্ষকগণকে পুনর্মিলন ও একসাথে শিক্ষা গ্রহণ করার আনন্দ দেখতে পেয়ে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের আমরা সকলে গর্বিত। সমগ্র দেশে আমরাই হচ্ছে একমাত্র বৃহৎ স্কুল ডিস্ট্রিক্ট হিসেবে আমাদের বিল্ডিংগুলো পুনরায় খুলেছি। স্কুল কমিউনিটিগুলো সশরীরে পুনর্মিলিত হয়ে শেখা, বেড়ে উঠা, এবং একে অন্যকে সহায়তা করায়, হাজার হাজার শিক্ষার্থীর জন্য এর অসামান্য উপকারিতা রয়েছে।

বরাবরের মতই, আমরা যা কিছু করেছি সবকিছুতে স্বাস্থ্য ও সুরক্ষা প্রাধান্য দিয়েছি। এতে অন্তর্ভুক্ত, সতর্কতার সাথে সিটিজুড়ে COVID-19 সংক্রমণের হার লক্ষ্য রাখা, এবং যখন প্রয়োজন সংক্রমণ রোধে পদক্ষেপ গ্রহণ, সাময়িকভাবে আমাদের স্কুল ভবনগুলো বন্ধ করা এবং শিক্ষার্থীদের পুরোপুরি দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) স্থানান্তর করা।

সম্প্রতি সংক্রমণ বৃদ্ধি পাওয়ার কারণে, আমরা এমন এক পর্যায়ে এসে পৌঁছেছি যা সকল শিক্ষার্থীকে দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) স্থানান্তর করা আবশ্যক। বৃহস্পতিবার, **19 নভেম্বর** তারিখ থেকে শুরু করে, সকল স্কুল ভবন বন্ধ থাকবে, এবং পরবর্তী ঘোষণা না দেয়া পর্যন্ত, সকল শিক্ষার্থীর জন্য দূর থেকে (রিমোট) সকল শিক্ষা গ্রহণ অব্যাহত থাকবে। আপনি ও আপনার শিক্ষার্থীর পরবর্তী পদক্ষেপগুলো সম্পর্কে আপনার প্রিন্সিপ্যালের কাছ থেকে খুব শীঘ্রই জানতে পারবেন।অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, এই বন্ধ সাময়িক, এবং নিরাপদ নির্ধারিত হওয়ার সাথে সাথেই স্কুল ভবনগুলো পুনরায় খুলে দেয়া হবে।

আমি নিশ্চিত আপনার অনেক প্রশ্ন রয়েছে, এবং নিচে দেয়া কিছু গুরুত্বপূর্ণ পথনির্দেশনা থেকে আপনি কিছু উত্তর পাবেন। বরাবরের মতই, আমরা আপনার সন্তানের শিক্ষাগত শ্রেষ্ঠত্ব অর্জনে, কমিউনিটি গঠনে, এবং সামাজিক/মানসিক সহায়তায় অঙ্গীকারবদ্ধ—তারা যেখান থেকেই শিক্ষা গ্রহণ করুক না কেন।

দূর থেকে শিক্ষার জন্য ডিভাইস

আপনার একটি ডিভাইস, টেকনিক্যাল সাপোর্ট অথবা ভাঙ্গা ডিভাইস মেরামত প্রয়োজন আছে কি, অথবা হারিয়ে বা চুরি যাওয়া ডিভাইস সংক্রান্ত বিষয় মোকাবিলা করছেন কি? DOE-এর IT হেল্প ডেস্কে 718-935-5100 নম্বরে ফোন করুন এবং সহায়তা পাবার জন্য 5 চাপুন।

এছাড়াও আপনি অনলাইনে দ্রুত সহায়তা পেতে পারেন:

- টেক সাপোর্ট (প্রযুক্তিগত সহায়তা) বিষয়ক সহায়তার জন্য: schools.nyc.gov/technicaltools
- একটি টেক সাপোর্ট টিকেট জন্য অনুরোধ করুন: schools.nyc.gov/techsupport
- একটি ডিভাইস অনুরোধ করুন: schools.nyc.gov/devices
- DOE থেকে ইস্যুকৃত একটি আইপ্যাডের জন্য সহায়তা পেতে: schools.nyc.gov/ipadfixes
- আপনার ইন্টারনেট সংযোগ সংক্রান্ত সহায়তার জন্য: schools.nyc.gov/internet

প্রত্যেক শিক্ষার্থী সপ্তাহের 5 দিনই শেখার জন্য প্রস্তুত তা নিশ্চিত করতে আমরা অঙ্গীকারবদ্ধ। যদি বর্তমানে আপনার একটি ডিভাইস না থেকে থাকে তাহলে আপনার সন্তানের স্কুল কাগজে মুদ্রিত উপকরণ প্রদান করার মাধ্যমে আপনাকে দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) সহায়তা করবে। আরও তথ্যের জন্য আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।

শিক্ষার্থী ও পরিবারদের জন্য বিনামূল্যে খাবার (ফ্রি মিলস্)

সকল পরিবার এবং শিক্ষার্থীরা কার্যদিবসে 9:00 a.m. থেকে মধ্যাহ্ন (বারটা) পর্যন্ত যেকোনো স্কুল ভবনে গিয়ে বিনামূল্যে গ্র্যাব-অ্যান্ড-গো মিলস্ (খাবার) অব্যাহতভাবে নিয়ে আসতে পারবে। কোনো পরিচয় পত্র (আইডেন্টিফিকেশন) অথবা রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই। কিছু সাইটে হালাল এবং কোশার খাবার পাওয়া যায়, যেগুলো উল্লিখিত ওয়েবসাইটে তালিকাবদ্ধ করা হয়েছে schools.nyc.gov/freemeals।

Department of Education
Chancellor Richard A. Carranza

সন্ধ্যা 3-5 p.m. পর্যন্ত, সকল বয়সী নিউ ইয়র্কবাসী সিটিব্যাপী 260 কমিউনিটি মিলস্ সাইট থেকে বিনামূল্যে খাবার নিয়ে আসতে পারবে। সাইটের একটি তালিকার জন্য, অনুগ্রহ করে ভিজিট করুন schools.nyc.gov/freemeals।

লার্নিং ব্রিজেস্

লার্নিং ব্রিজেস্, যা সিটির 3-K থেকে অষ্টম (৪) গ্রেডের ছেলেমেয়েদের জন্য চাইল্ড কেয়ার প্রোগ্রাম, মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ে এনরোলকৃত পরিবারদের পরিষেবা দিয়ে যাবে। আমরা অপরিহার্য কর্মীদের ছেলেমেয়েদের পাশাপাশি অস্থায়ী আবাসনে (টেম্পোরারী হাউজিংয়ের) অথবা NYCHA ডেভেলপমেন্টে বসবাসকারী শিক্ষার্থীদের, ফস্টার কেয়ারে অথবা চাইল্ড ওয়েলফেয়ার সার্ভিসেস্-এর ছেলেমেয়েদের, এবং প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের অব্যাহতভাবে প্রাধান্য দিয়ে যাব। পরিবারেরা আরো জানতে এবং আবেদন করতে পারেন schools.nyc.gov/learningbridges -সাইটে, এবং আসন শূন্য হওয়া সাপেক্ষে পরিবারদের সাপ্তাহিক ভিত্তিতে নতুন অফার প্রদান করা হবে।

আর্লি চাইল্ডহুড এডুকেশন

ডিস্ট্রিক্ট স্কুলের 3-K এবং প্রি-K ক্লাসরুমগুলো এবং DOE প্রি-K সেন্টারগুলো বন্ধ থাকবে। যদি আপনার সন্তান পাবলিক স্কুলের অভ্যন্তরে অবস্থিত নয় এমন একটি কমিউনিটি ভিত্তিক সেন্টারে অংশগ্রহণ করে, অথবা DOE নেটওয়ার্কের অংশ এমন একটি ফ্যামিলি চাইল্ড কেয়ার প্রোগ্রামে অংশগ্রহণ করে, সেগুলো খোলা থাকবে। আপনার সন্তান কোন্ ধরণের প্রোগ্রামে অংশগ্রহণ করছে সেবিষয়ে আপনি যদি নিশ্চিত না হয়ে থাকেন অথবা আপনার সন্তানের পরিষেবা সংক্রান্ত প্রশ্ন থেকে থাকে, অনুগ্রহ করে আপনার প্রোগ্রামের সাথে সরাসরি যোগাযোগ করুন। এই সাইটগুলোর নিরাপদে অব্যাহত পরিচালনা নিশ্চিত করতে দৃঢ় সহযোগিতা বহাল আছে।

যদিও আমরা সকল শিক্ষার্থীকে অস্থায়ীভাবে পুরোপুরি দূর থেকে শিক্ষকতা এবং শিক্ষা গ্রহণে স্থানান্তরিত করছি, যদি আপনি সম্প্রতি আপনার সন্তানকে মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ের জন্য এনরোল করে থাকেন, তবে আমরা যখন পুনরায় খুলবো তখন আপনার সন্তান সশরীরে শিক্ষা গ্রহণে সক্ষম হবে। আমি জানি যে আপনাদের অনেকের জন্যই, স্কুল বিল্ডিংগুলো যেগুলো আমরা সম্প্রতি পুনরায় খুলেছি, সেগুলো বন্ধ করার সিদ্ধান্ত হতাশজনক, এবং আমি সেটা বুঝি। কিন্তু COVID-19 রোধে আমাদের অব্যাহত প্রচেষ্টায়, এই চ্যালেঞ্জগুলো আমাদের একসাথে মোকাবিলা করতে হবে। এবং আমরা আমাদের স্কুল ভবনগুলো পুনরায় নিরাপদে খুলতে সক্ষম হবো, সেদিন খুব বেশি দূরে নয় সেবিষয়ে আমি সুনিশ্চিত।

অনুগ্রহ করে স্মরণ রাখবেন - "মুখ্য চার": আপনার হাত ধোন, একটি নাক-মুখের মুখোশ পরিধান করুন, অন্যদের থেকে ছয় ফিট দূরত্ব বজায় রাখুন, এবং অসুস্থ অনুভূত হলে বাড়িতে থাকুন। এই অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলো আমরা সকলেই প্রতিদিন গ্রহণ করতে পারি।

এই গণস্বাস্থ্য সঙ্কটের অব্যাহত পরিবর্তনের পথে, আমরা অব্যাহতভাবে আপনাকে ও DOE-এর পরিবারদের সকলকে সহায়তা প্রদানে সর্বসাম্প্রতিক তথ্য দিয়ে যাব। ইতোমধ্যে, কোনো প্রশ্ন অথবা উদ্বেগ থাকলে আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করতে অনুগ্রহ করে দ্বিধা করবেন না। আপনার অংশীদারিত্ব এবং আমাদের সিটির জন্য আপনি যা করছে, সেই সবকিছুর জন্য আমরা কৃতজ্ঞ।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন